


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২০.১৮- ১৭৫

তারিখঃ ০১/০৪/২০১৯ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির স্মারক নং-৫১, তারিখ- ১৬/০১/২০১৯ খ্রিঃ মূলে কর্মসূচির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের প্রতি মাসে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি পরিদর্শনপূর্বক পরিদর্শনকৃত সমিতির WCSসহ নমুনা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণ স্বাপেক্ষে বেতন-ভাতা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা মোতাবেক পটুয়াখালী জেলার দুমকি, বরগুণা জেলার বামনা ও আমতলী এবং মাগুড়া জেলার সদর উপজেলা ব্যতীত সকল উপজেলা হতে তথ্য পাওয়া গিয়েছে। উল্লেখ্য, মাগুড়া সদর উপজেলার এআরডিও মাতৃত্বকালীন ছুটিতে থাকায় প্রতিবেদন প্রেরণ করতে পারেন নি। এছাড়া বরগুণা জেলার বামনা ও আমতলী উপজেলার এআরডিও গণ নির্দেশনা অমান্য করে ০৬টি সমিতির পরিবর্তে ০৩টি সমিতির তথ্য প্রদান করেছেন। তাই বরগুণা জেলার বামনা ও আমতলী উপজেলার এআরডিওদেরকে এবারের মত ন্যূনতম পরিদর্শনের শর্ত শিথিল করে পরবর্তী মাসের জন্য সতর্ক করা হলো। তবে পটুয়াখালী জেলার দুমকি উপজেলার এআরডিও নির্দেশনা মোতাবেক প্রতিবেদন প্রেরণ করেন নি। এমতাবস্থায়, কর্মসূচিভূক্ত পটুয়াখালী জেলার দুমকি উপজেলা ব্যতীত অন্য সকল উপজেলার এআরডিওদের মার্চ'১৯ মাসের বেতন-ভাতা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ আব্দুর রহমান
উপপ্রকল্প পরিচালক (অঃদাঃ)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোনঃ ০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

০১. প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
০২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
০৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা., জেলাঃ.....।
০৪. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা., জেলাঃ.....।
০৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।